

## 💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ১১৬১

সভা-সমাবেশ ও তার রীতিনীতি

পরিচ্ছেদঃ ৫৪৬- যে ব্যক্তি নিজের পায়ের নলা উদলা করে কূপের পাশে বসে পদদ্বয় কূপের মধ্যে ঝুলিয়ে দেয়।

بَابُ مَنْ أَدْلَى رِجْلَيْهِ إِلَى الْبِنِّرِ إِذَا جَلَسَ وَكَشَفَ عَن السَّاقَيْن

## আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي مَرْيَمَ , قَالَ : حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرِ ، عَنْ شَرِيكِ بْن عَبْدِ اللَّهِ ، عَنْ سَعِيد بْنِ الْمُسَيِّبِ ، عَنْ أَبِي مُوسَى الأَشْعَرِيِّ , قَالَ : خَرَجَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا إِلَى حَائِطٍ مِنْ حَوَائِطِ الْمَدِينَةِ , لِحَاجَتِهِ ، وَخَرَجْتُ فِي أَثَرِهِ ، فَلَمَّا دَخَلَ الْحَائِطَ جَلَسْتُ عَلَى بَابِهِ ، وَقُلْتُ : لأَكُونَنَّ الْيَوْمَ بَوَّابَ النَّبِيّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، وَلَمْ يَأْمُرْنِي ، فَذَهَبَ النَّبِيُّ فَقَضَى حَاجَتَهُ وَجَلَسَ عَلَى قُفِّ الْبِئْر ، وَكَشَفَ عَنْ سَاقَيْهِ ، وَدَلاهُمَا فِي الْبِئْرِ ، فَجَاءَ أَبُو بَكْرِ رَضِيَ اللَّهُ عَنْهُ لِيَسْتَأْذِنَ عَلَيْهِ لِيَدْخُلَ ، فَقُلْتُ : كَمَا أَنْتَ حَتَّى أَسْتَأْذِنَ لَكَ ، فَوَقَفَ ، وَجِئْتُ النَّبِيَّ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، فَقُلْتُ : يَا رَسُولَ اللَّهِ ، أَبُو بَكْرِ يَسْتَأْذِنُ عَلَيْكَ ؟ ، فَقَالَ : " ائْذَنْ لَهُ ، وَبَشِّرْهُ بِالْجَنَّةِ " ، فَدَخَلَ , فَجَاءَ عَنْ يَمِينِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، فَكَشَفَ عَنْ سَاقَيْهِ وَدَلاهُمَا فِي الْبِئْرِ ، فَجَاءَ عُمَرُ ، فَقُلْتُ : كَمَا أَنْتَ حَتَّى أَسْتَأْذَنَ لَكَ ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : " النَّذَنْ لَهُ ، وَبَشِّرْهُ بِالْجَنَّةِ " ، فَجَاءَ عُمَرُ عَنْ يَسَارِ النَّبِيّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَشَفَ عَنْ سَاقَيْهِ وَدَلاهُمَا فِي الْبِئْرِ فَامْتَلاَّ الْقُفُّ ، فَلَمْ يَكُنْ فِيهِ مَجْلِسٌ ، ثُمَّ جَاءَ عُثْمَانُ ، فَقُلْتُ : كَمَا أَنْتَ حَتَّى أَسْتَأْذِنَ لَكَ ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : " انَّذَنْ لَهُ ، وَبَشِّرْهُ بِالْجَنَّةِ مَعَهَا بَلاءٌ يُصِيبُهُ " ، فَدَخَلَ فَلَمْ يَجِدْ مَعَهُمْ مَجْلِسًا ، فَتَحَوَّلَ حَتَّى جَاءَ مُقَابِلَهُمْ عَلَى شَفَةِ الْبِئْر ، فَكَشَفَ عَنْ سَاقَيْهِ ثُمَّ دَلاهُمَا فِي الْبِئْرِ ، فَجَعَلْتُ أَتَمَنَّى أَنْ يَأْتِيَ أَخٌ لِي ، وَأَدْعُو اللَّهَ أَنْ يَأْتِيَ بِهِ ، فَلَمْ يَأْت حَتَّى قَامُوا ، قَالَ ابْنُ الْمُسَيِّب : فَأَوَّلْتُ ذَلِكَ قُبُورَهُمْ ، اجْتَمَعَتْ هَا هُنَا ، وَانْفَرَدَ عُثْمَانُ

বাংলা



১১৬১। আবু মূসা আশআরী (রাঃ) বলেন, একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার প্রাকৃতিক প্রয়োজন সারার জন্য মদীনার এক বাগানে প্রবেশ করেন। আমিও তার পিছে পিছে গেলাম। তিনি বাগানের ভেতর প্রবেশ করেলে আমি এর ফটকে বসে থাকলাম এবং মনে মনে বললাম, আমি আজ অবশ্যই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দ্বাররক্ষী হবো, যদিও তিনি আমাকে আদেশ করেননি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গিয়ে তার প্রাকৃতিক প্রয়োজন সারার পর একটি কূপের কিনারায় বসেন এবং তার পায়ের নলা উদলা করে তা কূপের মধ্যে ঝুলিয়ে দিলেন। তখন আবু বাকর (রাঃ) এসে তাঁর সাথে সাক্ষাতের জন্য প্রবেশানুমতি প্রার্থনা করেন। আমি বললাম, অপেক্ষা করুন, যতক্ষণ না আপনার জন্য অনুমতি চাই। তিনি অপেক্ষা করলেন। আমি গিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বললাম, ইয়া রাসূলাল্লাহু! আবু বকর (রাঃ) আপনার সাক্ষাতপ্রার্থী। তিনি বলেনঃ তাকে অনুমতি দাও এবং তাকে জান্নাতের সুসংবাদও দাও। তিনি প্রবেশ করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ডান দিক দিয়ে এসে নিজ পায়ের নলা উদলা করে কুপের মধ্যে তা ঝুলিয়ে দিয়ে বসলেন।

অতঃপর উমার (রাঃ) এলে আমি বললাম, আমি আপনার জন্য অনুমতি না আনা পর্যন্ত স্বস্থানে অপেক্ষা করুন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তাকেও অনুমতি দাও এবং তাকেও জান্নাতের সুসংবাদ দাও। উমার (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বাম পাশ দিয়ে এসে নিজ পদদ্বয়ের নলা উদলা করে তা কূপের মধ্যে ঝুলিয়ে দিয়ে বসলেন। ফলে কূপের বেষ্টনী দেয়াল ভরে গেলো এবং তাতে আর বসার জায়গা থাকলো না। অতঃপর উসমান (রাঃ) এলে আমি বললাম, আমি আপনার জন্য অনুমতি না আনা পর্যন্ত স্বস্থানে অপেক্ষা করুন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তাকেও আসার অনুমতি দাও এবং তার উপর বিপদ আপতিত হওয়াসহ তাকে জান্নাতের সুসংবাদ দাও। তিনি প্রবেশ করে তথায় তাদের সাথে বসার খালি জায়গা পেলেন না। তাই তিনি ঘুরে গিয়ে তাদের সম্মুখভাগে কূপের কিনারে এলেন। তিনিও নিজ পদদ্বয়ের নলা উন্মুক্ত করে দিয়ে তা কূপের মধ্যে ঝুলিয়ে দিলেন। আমি তখন আকাজ্জা করতে থাকলাম, আমার ভাইটি যদি এসে পৌছতো এবং আমি আল্লাহর কাছে দোয়া করতে থাকলাম যে, তিনি যেন তাকে নিয়ে আসেন। তাঁরা উঠে যাওয়া পর্যন্ত সে এসে পৌঁছেনি।

ইবনুল মুসাইয়্যাব (রহঃ) বলেন, আমি উক্ত হাদীসের এই ব্যাখ্যা করেছি যে, সেটা তাদের তিনজনের কবর যা এখানে এক স্থানে অবস্থিত, আর উসমান (রাঃ)-র কবর পৃথক স্থানে অবস্থিত। (বুখারী, মুসলিম, তিরমিযী)

## **English**

Abu Musa al-Ash'ari said, "The Messenger of Allah, may Allah bless him and grant him peace, went out one day to one of the walled gardens of Madina, and I went out after him. When he entered the garden, I sat at the gate and said, I will be the doorkeeper of the Messenger of Allah today even if he has not commanded me to do it.' The Prophet went and answered a call of nature and then sat on the edge of the well. He uncovered his legs and dangled them in the well. Abu Bakr came and asked for permission to enter.' I said, 'Stay where you are until I ask permission for you.' He waited and I



went to the Prophet, may Allah bless him and grant him peace, and said, 'Messenger of Allah, it is Abu Bakr asking permission to come in.' He said, 'Let him in and give him the good news of the Garden.' He entered and sat at the right side of the Prophet, may Allah bless him and grant him peace. uncovered his legs and dangled them in the water. Then 'Umar came. I said, 'Stay where you are until I ask permission for you.' The Prophet, may Allah bless him and grant him peace, said, 'Let him in and give him the good news of the Garden.' 'Umar went in and sat at the left side of the Prophet, may Allah bless him and grant him peace, uncovered his legs and dangled his feet in the well. The rim of the well was then full and there was no place left to sit. Then 'Uthman came. I said, 'Stay where you are until I ask permission for you.' The Prophet, may Allah bless him and grant him peace, said, 'Let him in and give him the good news of the Garden as well as an affliction which will befall him.' 'Uthman came in and could not find a place with them. He moved around until he was facing them on the other side of the well, uncovered his legs and dangled them in the well. I began to wish that a brother of mine would come and I asked Allah to make him come, but he did not come before they had got up."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন